

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড

এসএসসি পরীক্ষা-২০২২

মডেল টেস্ট-১

বিষয়ঃ বাংলাদেশে ইতিহাস ও বিশ্বসভ্যতা (সৃজনশীল)

সময়ঃ ১ ঘন্টা ২০ মিনিট

পূর্ণমান: ৩০

১। নিচের ছকটি লক্ষ্য কর ও প্রশ্নগুলোর উত্তর দাও।

ছক-ক	ছক-খ
১) অর্থশাস্ত্র	১) মুদ্রা
২) তবকাত-ই-নাসিরী	২) শিলালিপি
৩) আইন-ই-আকবরী	৩) তাম্রলিপি

- ক) 'সমাজ জীবনই ইতিহাস' উক্তিটি কার? ১
- খ) "ইতিহাস থেমে থাকে না, নিরন্তর প্রবাহমান।"-ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে উল্লেখিত তথ্যসমূহ ইতিহাসের কোন বিষয়টি ইঙ্গিত করে? ৩
- পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর।
- ঘ) "ইতিহাস মানুষকে আত্মপ্রত্যয়ী ও আত্মবিশ্বাসী হতে সাহায্য করে"-বিশ্লেষণ কর। ৪
- ২। জনাব রহমান তার বাগান পরিষ্কার করতে গিয়ে একটি পয়সা পেল। পয়সাটি সে চিনতে না পেলে স্থানীয় এক অভিজ্ঞ ব্যক্তির কাছে নিয়ে গেলে তিনি বললেন, এটি প্রাচীন কোনো রাজবংশের মুদ্রা। অন্যদিকে, সোনাবাড়ীয়ার মঠবাড়ি একটি ঐতিহাসিক স্থান। এই স্থাপত্যটি সরকারি বেসরকারি যে কোন পৃষ্ঠপোষকতা গেলে পর্যটন কেন্দ্র হতে পারে।
- ক) ইতিহাস কি? ১
- খ) ইতিহাস অন্যান্য বিষয় থেকে আলাদা কেন? ২
- গ) উদ্দীপকের রহমান সাহেবের বাগানে পাওয়া দ্রব্যটি ইতিহাসের কোন ধরনের উপাদান? ৩
- পাঠ্য বই আলোকে বিশ্লেষণ কর।
- ঘ) উদ্দীপকে মঠবাড়ি যে প্রকারের ইতিহাসের প্রতি ইঙ্গিত করে তা সংরক্ষণ করলে আমাদের ইতিহাস সমৃদ্ধ হবে- বিশ্লেষণ কর। ৪

## বহুনির্বাচনী-১০

- ১। 'ইতিহাস' শব্দটি উৎপত্তি হয়েছে কোন শব্দ থেকে?
- ক) ইতি খ) ইতিহ
- গ) আস ঘ) ঐতিহ্য
- ২। কোনো বিশেষ বিষয়ের উপর ভিত্তি করে যে ইতিহাস রচিত হয় তাকে বলে-
- ক) আঞ্চলিক ইতিহাস খ) জাতীয় ইতিহাস

গ) অবস্থানগত ইতিহাস ঘ) বিষয়বস্তু ইতিহাস

- ৩। কোন ঘটনাকে কেন্দ্র করে প্রথম ঐতিহাসিক গ্রন্থ রচিত হয়?
- ক) গ্রিক ও রোমানদের মধ্যে সামরিক সংঘর্ষ
- খ) গ্রিক ও ট্রয়বাসীর মধ্যে দ্বন্দ্ব
- গ) গ্রিক ও পারসিকদের মধ্যে সামরিক দ্বন্দ্ব
- ঘ) হেলেনকে কেন্দ্র করে ট্রয়ের দ্বন্দ্ব
- ৪। অতীত সত্যনিষ্ঠ বর্ণনা किसের পরিধি বৃদ্ধি করতে সাহায্য করে?
- ক) ড্রাকনের খ) দক্ষতার
- গ) যোগ্যতার ঘ) অভিক্ষতার
- ৫। উয়ারী বটেশ্বর কোন জেলায় অবস্থিত?
- ক) কুমিল্লা খ) নরসিংদী
- গ) বগুড়া ঘ) নওগাঁ
- ৬। অর্থনীতি, সমাজ, শিল্পকলার ইতিহাস রচনার নিচের কোনটির প্রভাব?
- ক) মার্কসবাদ প্রচার খ) গণতন্ত্রবাদ প্রচার
- গ) আধুনিক মতবাদ প্রচার ঘ) ইহুদি প্রচার
- নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
- রিমা বাবার সাথে মহাস্থানগড় বেড়াতে গিয়ে উপলব্ধি করতে পারল যে, দেশ, জাতির স্বার্থে এবং ব্যক্তির প্রয়োজনে জানাটা অত্যন্ত জরুরি।
- ৭। উদ্দীপকে রিমা किसের উপলব্ধির কথা বলেছে?
- ক) সাহিত্য পাঠ খ) ইতিহাস পাঠ
- গ) দক্ষতা বৃদ্ধি ঘ) লিখিত উপাদান
- ৮। উদ্দীপকের আলোকে উক্ত বিষয়টি জানার মাধ্যমে রিমার বিকাশ ঘটবে-
- i) জ্ঞান ও আত্মমর্যাদা বৃদ্ধি করবে ii) সচেতনতা বৃদ্ধি করে
- iii) দৃষ্টান্তের সাহায্যে শিক্ষা দেয়
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৯। লামা তারনাথ কোন দেশীয় লেখক?
- ক) চাইনিজ খ) জাপানিজ
- গ) স্প্যানিশ ঘ) তিব্বতীয়
- ১০। প্রত্নতাত্ত্বিক নিদর্শন কোন ধরনের উপাদান?
- ক) লিখিত খ) অলিখিত
- গ) কথিত ঘ) চিত্রিত